গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-০২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১১২.১৯.১১

তারিখ: ০১-১০-১৪২৬ বঙ্গাব্দ
১৫-০১-২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৯/০১/২০২০ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় (হার্ডকপি ও সফটকপি ই-মেইল: csmoys66@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

১৫/০১/২০২০
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১
ইমেইল: (csmoys66@gmail.com)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা।
৩। পরিচালক (অতিরিক্ত সচিব), ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৪। সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৭। উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল)/সিনিয়র সহকারী প্রধান (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১১২.১৯.১১

তারিখ: ১৫/০১/২০২০ খ্রি.

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(সেলিনা আক্তার)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আখতার হোসেন
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ০৯ জানুয়ারি, ২০২০ খ্রি.
সময় : সকাল- ১০:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (সমন্বয়) গত ১০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ১০ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। সভাপতি মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থা প্রধান/ প্রতিনিধিদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি দ্রুততার সাথে দাপ্তরিক কার্য সম্পাদন করার জন্য এবং দ্রুত সময়ের মধ্যে সেবা গ্রহিতাদের সেবা প্রদান নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারিদের প্রতি আহ্বান জানান। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করার জন্য সভাপতি সকল দপ্তর/সংস্থার প্রধানদেরকে অনুরোধ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার সকল অফিস আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন ইত্যাদির কপি ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার প্রোগ্রামার/আইটি সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২। | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে কর্মকর্তাদের নাম, পদবী এবং ডেজিগনেটেড ডেস্ক উল্লেখ করে তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার প্রোগ্রামার/আইটি সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ৩। | মন্ত্রণালয়ের ইন্টারনেটের গতি বাড়ানোর জন্য বিটিসিএল হতে পূর্বের ন্যায় ২৫ এমবিপিএস এবং অবশিষ্ট প্রয়োজনীয় এমবিপিএস বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হতে সংযোগ নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ। |
| ৪। | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার সকল শূন্য পদ দ্রুততম সময়ে স্বচ্ছতার সাথে পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ এবং মন্ত্রণালয়াধীন সকল দপ্তর/সংস্থার । |

চলমান পাতা/০২

পূর্ব পৃষ্ঠার পর

| | | |
|---|---|---|
| ৫। | মন্ত্রপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখার ১ম ত্রৈমাসিক পর্যালোচনা সংক্রান্ত কর্মশালার (২৩ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত) নির্দেশনা মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর ৩.১, ৩.২, ৯.১ হতে ৯.৫ এবং অন্যান্য ক্রমিকের পরিবর্তিত কার্যক্রমের নাম/কর্মসম্পাদন সূচক/একক/বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাতি হয় এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। উক্ত অনুমোদিত প্রতিবেদন প্রয়োজনীয় কার্যার্থে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | সমন্বয় ও আইন অনুবিভাগ |

০৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/৩/২০২০

(মোঃ আখতার হোসেন)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়